রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, আগস্ট ২৫, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ/১৮ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ২৬৩-আইন/২০১৯/৭৯-মূসক।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা :—

(ক) যেক্ষেত্রে কোনো উৎপাদনকারী দুই বা ততোধিক স্থান হইতে অভিন্ন বা সমজাতীয় পণ্য উৎপাদনপূর্বক সরবরাহ করেন এবং কেন্দ্রীয় ইউনিটে সকল হিসাব-নিকাশ সংরক্ষণ ও কর পরিশোধ করেন;

(খ) যেক্ষেত্রে কোনো বাণিজ্যিক আমদানিকারক তাহার কেন্দ্রীয় ইউনিটের ঠিকানায় অভিন্ন বা সমজাতীয় পণ্য আমদানিপূর্বক উহার নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন বিক্রয় ইউনিটের মাধ্যমে উহা সরবরাহ করেন;

(গ) যেক্ষেত্রে কোনো ব্যবসায়ী তাহার কেন্দ্রীয় ইউনিটের ঠিকানায় তৎকর্তৃক ক্রয়কৃত বা সংগৃহীত অভিন্ন বা সমজাতীয় পণ্য নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন বিক্রয় ইউনিটের মাধ্যমে বিক্রয় বা সরবরাহ করেন;



মূল্য : টাকা ৮.০০

(ঘ) যেক্ষেত্রে কোনো সেবা সরবরাহকারী নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন শাখার মাধ্যমে অভিন্ন বা সমজাতীয় সেবা সরবরাহ করেন; এবং

(ঙ) যেক্ষেত্রে কোনো উৎপাদনকারী দুই বা ততোধিক স্থানে অভিন্ন বা সমজাতীয় পণ্য উৎপাদনপূর্বক নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন বিক্রয়কেন্দ্র বা ডিপো বা ওয়্যারহাউস এর মাধ্যমে হ্রাসকৃত মূসক হার কিংবা সুনির্দিষ্ট কর ব্যতীত সকল ক্ষেত্রে ১৫ শতাংশ হারে মূসক পরিশোধপূর্বক সরবরাহ করেন।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) "কেন্দ্রীয় ইউনিট" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২ এর দফা (৩৭) এ সংজ্ঞায়িত কেন্দ্রীয় ইউনিট;

(গ) "ফরম" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর কোনো ফরম;

(ঘ) "বাণিজ্যিক আমদানিকারক" অর্থ এমন ব্যক্তি যিনি আইনের প্রথম তফসিলে উল্লিখিত পণ্য ব্যতীত অন্য কোনো পণ্য আমদানিপূর্বক পণ্যের কোনোরূপ আকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না করিয়া পণ্যের বিনিময়ে অন্য কোনো ব্যক্তির নিকট বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করেন;

(ঙ) "ব্যবসায়ী" অর্থ আইনের তৃতীয় তফসিলের অনুচ্ছেদ (৩) এ প্রদত্ত ব্যাখ্যায় বর্ণিত "ব্যবসায়ী";

(চ) "মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(ছ) "মূসক" অর্থ মূল্য সংযোজন কর; এবং

(জ) "সমজাতীয় পণ্য" অর্থ এমন পণ্য যাহা একই পণ্য নহে, কিন্তু বৈশিষ্ট্য এবং উপাদান একইরূপ এবং যাহা একইরূপ কার্য সমাধা করিতে সক্ষম।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সে সকল শব্দ বা অভিব্যক্তি আইন এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালায় যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ**।—(১) যদি কোনো ব্যক্তি দুই বা ততোধিক স্থান হইতে অভিন্ন অথবা সমজাতীয় পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ সংক্রান্ত অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করেন, তাহা হইলে তিনি কেন্দ্রীয় ইউনিটের অনুকূলে কেন্দ্রীয় মূসক নিবন্ধন গ্রহণ করিতে পারিবেন।

(২) কোনো ব্যক্তি যেই ঠিকানায় কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করিতে ইচ্ছুক সেই ঠিকানা উল্লেখপূর্বক ফরম মূসক ২.১ এ তাহার সকল ইউনিটের তথ্যাদি উল্লেখ করিয়া মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালার বিধি ৪ অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করিবেন।

(৩) বিভাগীয় কর্মকর্তা প্রাপ্ত আবেদনে বর্ণিত তথ্য প্রাথমিক যাচাই-অন্তে যথাযথ পাইলে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম "মূসক ২.৩" এ কেন্দ্রীয় মূসক নিবন্ধন সনদপত্র জারি করিবেন এবং অসম্পূর্ণ তথ্য বা আবেদন যথাযথ বিবেচিত না হওয়ার ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তা আবেদনকারীকে উহা ৩ (তিন) দিনের মধ্যে অবহিত করিবেন।

(৪) এইরূপভাবে নিবন্ধিত হওয়ার ক্ষেত্রে অর্থনৈতিক কার্যক্রমের সকল হিসাব-নিকাশ, কর পরিশোধ ও রেকর্ডপত্র কেন্দ্রীয় ইউনিটে কেন্দ্রীয়ভাবে পরিচালনা ও সংরক্ষণ করিতে হইবে।

৪। **কর পরিশোধ পদ্ধতি।**—(১) আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর বিধান সাপেক্ষে, কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ব্যক্তির কেন্দ্রীয় ইউনিট হইতে সকল উৎপাদনস্থল কিংবা বিক্রয় ইউনিটের প্রদেয় কর সমন্বিতভাবে পরিশোধ করাসহ করদায়িতা সংক্রান্ত সকল কার্য পরিচালনা করিতে হইবে।

(২) আইনের ধারা ৩২ এর উপ-ধারা (৫) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালার বিধি ২১ অনুযায়ী কেন্দ্রীয় ইউনিট হইতে পণ্য সরবরাহের পূর্বে ফরম মূসক-৪.৩ এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা প্রদান করিতে হইবে।

(৩) সেবা প্রদানের ক্ষেত্রে কেন্দ্রীয় ইউনিট হইতে সকল সেবা প্রদানকারী শাখা বা ইউনিটের প্রদেয় কর সমন্বিতভাবে দাখিলপত্রে প্রদর্শনপূর্বক নির্ধারিত মেয়াদের মধ্যে পরিশোধ করিতে হইবে।

(৪) কেন্দ্রীয় নিবন্ধিত ব্যক্তি কর মেয়াদ শেষে আইনের ধারা ৬৪ হইতে ৬৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালার বিধি ৪৭ হইতে ৫০ অনুসারে দাখিলপত্র ফরম "মূসক ৯.১" এ প্রযোজ্য ক্ষেত্রে পরিশোধিত আগাম কর ও অন্যান্য হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিয়া প্রদেয় মূসক ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) নিরূপণপূর্বক উহা নির্ধারিত হিসাব কোডে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন।

(৫) অনলাইনে কর পরিশোধের ক্ষেত্রে কর পরিশোধের পর মূসক কম্পিউটার সিস্টেম হইতে প্রদত্ত প্রাপ্তি স্বীকারপত্র কর পরিশোধের প্রমাণ হিসাবে বিবেচিত হইবে।

(৬) অনলাইনে কর পরিশোধ ব্যতীত অন্য পদ্ধতিতে কর জমা প্রদানের ক্ষেত্রে দাখিলপত্রের সহিত কর জমা প্রদানের প্রামাণিক দলিল দাখিল করিতে হইবে।

৫। **পণ্য ক্রয়, আমদানি ও সরবরাহ।**—কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ব্যক্তিকে কেন্দ্রীয় ইউনিটের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর ইত্যাদি ব্যবহার করিয়া উপকরণ ক্রয় বা আমদানি বা রপ্তানি এবং পণ্য বা সেবা সরবরাহ করিতে হইবে।

৬। **চালানপত্র ইস্যু ও সংরক্ষণ**।—নিম্নবর্ণিত পদ্ধতিতে চালানপত্র ইস্যু ও উহা সংরক্ষণ করিতে হইবে, যথা :—

(ক) কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ব্যক্তির নিবন্ধন ফরম "মূসক-২.১" এ উল্লিখিত এক ইউনিট হইতে অপর কোনো বিক্রয় ইউনিট বা ওয়্যারহাউস বা ডিপোতে পণবিহীন সরবরাহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালার বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) অনুযায়ী ফরম "মূসক-৬.৫" এ সকল তথ্যাদি পরিপূর্ণভাবে উল্লেখপূর্বক পণ্য স্থানান্তর চালানপত্র ইস্যু করিতে হইবে;

(খ) কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ব্যক্তির ফরম "মূসক-২.১" এ উল্লিখিত যে কোনো ইউনিট হইতে পণের বিনিময়ে প্রতিটি সরবরাহের বিপরীতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালার বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (গ) অনুসারে ফরম "মূসক-৬.৩" এ একটি কর চালানপত্র ইস্যু করিতে হইবে এবং চালানপত্রে যথাযথভাবে সকল তথ্য লিপিবদ্ধ করাসহ "উক্ত পণ্য চালানের বিপরীতে প্রদেয় কর কেন্দ্রীয় নিবন্ধন নং ............ হইতে পরিশোধযোগ্য" মর্মে সীলমোহর বা অন্যবিধভাবে লিপিবদ্ধ করিতে হইবে;

(গ) প্রতিটি বিক্রয় ইউনিট হতে ইস্যুকৃত কর চালানপত্র ফরম "মূসক-৬.৩" এ কেন্দ্রীয় ইউনিটের পাশাপাশি বিক্রয় ইউনিটের নাম ও ঠিকানা উল্লেখ করিতে হইবে;

(ঘ) কেন্দ্রীয় ইউনিট হইতে সকল বিক্রয় ইউনিটসমূহকে ফরম "মূসক-৬.৩" কর চালানপত্র বই এবং ফরম "মূসক-৬.৫" পণ্য স্থানান্তর চালানপত্র বই সরবরাহ করিতে হইবে এবং সরবরাহকৃত সংখ্যানুক্রমিক চালান বইয়ের হিসাব কেন্দ্রীয় ইউনিটে একটি রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে; এবং

(ঙ) প্রতিটি চালানপত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট বিক্রয় ইউনিট ও কেন্দ্রীয় ইউনিট উভয়স্থলে ন্যূনতম ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করিতে হইবে।

৭। **পণ্য বা সেবা বিক্রয় সংক্রান্ত তথ্য**।—কেন্দ্রীয় ইউনিট হইতে প্রতিটি বিক্রয় ইউনিট বরাবর পণ্য বা সেবা প্রেরণ এবং প্রতিটি ইউনিট হইতে পণ্য বা সেবার বিক্রয় বা সরবরাহের বিবরণ এই বিধিমালার যথাক্রমে "ছক-ক" ও "ছক-খ" অনুযায়ী পরবর্তী কর মেয়াদের ১৫ তারিখের মধ্যে দাখিলপত্রের সহিত কেন্দ্রীয় ইউনিট সংশ্লিষ্ট কর্মকর্তার কার্যালয়ে পেশ করিতে হইবে।

৮। **হিসাব সংরক্ষণ**।—কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণকারী ব্যক্তি আইনের ধারা ৫১ হইতে ৫৪ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালার বিধি ৪০ হইতে ৪৪ অনুযায়ী তাহার কেন্দ্রীয় ইউনিট ও সকল বিক্রয় ইউনিটে যাবতীয় হিসাব-নিকাশ সংরক্ষণ করিবেন।

৯। **নিরীক্ষা, তদন্ত ও করদায়িতা নিরূপণ**।—(১) সংশ্লিষ্ট কমিশনারেট প্রতি বৎসর আবশ্যিকভাবে কেন্দ্রীয় নিবন্ধিত প্রতিষ্ঠানের মূসক নিরীক্ষা কার্য সম্পাদন করিবে, তবে অনিবার্য কারণে একাধিক বৎসরের হিসাব একত্রে নিরীক্ষা করা যাইবে এবং কেন্দ্রীয় নিবন্ধনের আওতাভুক্ত সকল ইউনিট নিরীক্ষাধীন থাকিবে।

(২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠানের কর সংক্রান্ত কার্যক্রম যাচাই, পরীক্ষা ও তদন্ত পরিচালনার মাধ্যমে যথাযথ করদায়িতা নিরূপণ ও রাজস্ব আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট সুনির্দিষ্ট সুপারিশ প্রেরণ করিতে পারিবে।

(৩) কেন্দ্রীয় নিবন্ধিত ব্যক্তির কোনো বিক্রয় ইউনিটের ভৌগলিক অধিক্ষেত্রের কমিশনার বা তৎকর্তৃক মনোনীত মূসক কর্মকর্তা প্রয়োজনে তাহার অধিক্ষেত্রের সংশ্লিষ্ট বিক্রয় ইউনিটের বিক্রয়ের হিসাবসহ সকল নথিপত্র পরীক্ষা করিতে পারিবেন এবং এইক্ষেত্রে কোনো অনিয়ম বা মূসক ফাঁকির আলামত পাইলে কেন্দ্রীয় ইউনিট সংশ্লিষ্ট বিভাগ বা কমিশনারেটে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করিবেন।

**“ছক-ক”**

**কেন্দ্রীয় ইউনিট হইতে বিক্রয় ইউনিটে স্থানান্তরিত পণ্য/সেবা বিবরণী**

[ বিধি ৭ দ্রষ্টব্য ]

| কেন্দ্রীয় নিবন্ধিত ব্যক্তির নাম ও বিআইএন | পণ্য/সেবা প্রেরণকারী ইউনিটের নাম ও ঠিকানা | পণ্য/সেবা গ্রহীতা ইউনিটের নাম ও ঠিকানা | কেন্দ্রীয় ইউনিট হইতে ইস্যুকৃত পণ্য/সেবার কর চালানপত্র বইয়ের নম্বর ও ইস্যুর তারিখ | পণ্য/সেবা স্থানান্তর চালানপত্র ফরম “মূসক-৬.৫” নম্বর ও তারিখ | স্থানান্তরিত পণ্য বা সেবার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে সুনির্দিষ্ট ব্রান্ড নামসহ) | স্থানান্তরিত পণ্য বা সেবার পরিমাণ | স্থানান্তরিত পণ্য বা সেবার কর ব্যতীত মূল্য | স্থানান্তরিত পণ্য বা সেবার ক্ষেত্রে প্রযোজ্য করের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |

**"ছক-খ"**

## কেন্দ্রীয় ইউনিট বা বিক্রয় ইউনিট হইতে পণ্য/সেবা সরবরাহ ও রাজস্ব বিবরণী

[ বিধি ৭ দ্রষ্টব্য ]

| কেন্দ্রীয় নিবন্ধিত ব্যক্তির নাম ও বিআইএন | পণ্য/সেবা প্রেরণকারী কেন্দ্রীয় ইউনিটের নাম ও ঠিকানা | পণ্য/সেবা গ্রহীতা ইউনিটের নাম ও ঠিকানা | কেন্দ্রীয় ইউনিট হইতে ইস্যুকৃত পণ্য/সেবার কর চালানপত্র বইয়ের নম্বর ও ইস্যুর তারিখ | কর চালানপত্র ফরম "মূসক-৬.৩" নম্বর ও তারিখ | সরবরাহকৃত পণ্য বা সেবার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে সুনির্দিষ্ট ব্রান্ড নামসহ) | সরবরাহকৃত পণ্য বা সেবার পরিমাণ | সরবরাহকৃত পণ্য বা সেবার কর ব্যতীত মূল্য | সরবরাহকৃত পণ্য বা সেবার ক্ষেত্রে প্রযোজ্য করের পরিমাণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | মূসক | এসডি | সুনির্দিষ্ট কর | মোট |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) |
| | | | | | | | | | | | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ তারেক হাসান**
দ্বিতীয় সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd